



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

কৃষি ঋণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ
(কৃষিঋণ উপ-বিভাগ)

সূত্র নং-এসিএসপিডি সার্কুলার লেটার নং-১০

০৮ পৌষ, ১৪১৫
তারিখঃ-----
২২ ডিসেম্বর, ২০০৮

ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক/মহাব্যবস্থাপক
সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক লিঃ/
বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক/
বিআরডিবি ও বিএসবিএল
প্রধান কার্যালয়
ঢাকা/রাজশাহী।

প্রিয় মহোদয়,

২০০৮-২০০৯ অর্থবছরের কৃষি/পল্লীঋণ কর্মসূচীর ঋণ নিয়মাচারে “লিচু” চাষ অন্তর্ভুক্তকরণ।

শিরোনামোক্ত বিষয়ে অত্র বিভাগের ০২ সেপ্টেম্বর ২০০৮ তারিখের ০৬ নং সার্কুলার লেটারের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলার লেটারে উল্লিখিত পরিশিষ্ট “গ” এর অনুচ্ছেদ “ঙ”-এর ৬২(ক) ক্রমিকে অন্তর্ভুক্তকৃত “লিচু” চাষের উৎপাদন মৌসুম এবং ঋণ পরিশোধ সূচী এতদসঙ্গে সংযুক্ত করা হ’ল।

০৩। কৃষি/পল্লীঋণ কর্মসূচীর ঋণ নিয়মাচার বিষয়ে ইতোপূর্বে জারীকৃত ১৩/০৭/২০০৮ তারিখের ০৯ নং এসিএসপিডি সার্কুলারে বর্ণিত অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

০৪। এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

সংযোজনী : ১(এক)।

আপনাদের বিশ্বে,

(মোঃ আবদুল হক)
মহাব্যবস্থাপক
আলাপনী : ৭১২০৯৪৭

ফসল উৎপাদন পঞ্জিকা ও ঋণ পরিশোধ সূচী : ২০০৮-২০০৯ইং অর্থবছর ।

ক্রমিক নং	ফসলের নাম	উৎপাদন মৌসুম	ঋণ পরিশোধের সময়সূচী
১	২	৩	৪
(চ)	ফল :		
৬২।	লিচু	ফেব্রুয়ারী থেকে জুলাই মাস	আগস্ট-সেপ্টেম্বর মাস (নতুন বাগানের ক্ষেত্রে বাগান স্থাপনের ৩ বছর পর)